ইত্তেফাক

তারিখ ... ৫.২.৮৫ ...
পৃষ্ঠা... ... কলাম... ...

C77



ডক্টর আবদুল্লাহ আল মুতীর ইউনেস্কোর কলিঙ্গ পুরস্কারপ্রাপ্তি উপলক্ষে গতকাল (শনিবার) কেন্দ্রীয় কচি-কাঁচার মেলা আয়োজিত সম্বর্ধনা অনুষ্ঠানে কচি-কাঁচার ভাইবোনেরা ডঃ আল মুতীকে পুষ্পমাল্য প্রদান করে —ইত্তেফাক

## ডঃ আল মুতীর সম্বর্ধনা

(ইত্তেফাক রিপোর্ট)

ডক্টর আবদুল্লাহ আল মুতীর ইউনেস্কোর কলিঙ্গ পুরস্কারপ্রাপ্তি উপলক্ষে কেন্দ্রীয় কচি-কাঁচার মেলা গতকাল (শনিবার) চারুকলা ইনষ্টিটিউট প্রাঙ্গণে তাঁহার সম্মানে এক সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে। শিল্পী হাশেম খান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কামরুল হাসান, সরদার ফজলুল করিম, দাদা ভাই, ফয়েজ আহমদ ও শামসুজ্জামান খান, শিল্পী হাশেম খান ও ডঃ মোহাম্মদ ইব্রাহিম।

নানা ঘাত-প্রতিঘাত লংঘন করিয়া ডঃ আল-মুতী জ্ঞান সাধনায় যে বিরল কৃতিত্ব অর্জন করিয়াছেন বক্তাগণ উহার প্রতি সবিশেষ গুরুত্ব আরোপ করেন। তাঁহারা বিজ্ঞান-সাহিত্য রচনায় ডঃ মুতীর সাফল্যের কথাও উল্লেখ করেন।

জবাবে ডঃ আবদুল্লাহ আল-মুতী বলেন, একা কাহারো পক্ষে কোন বড় কাজ করা সম্ভব নহে। অনেক সাধারণ মানুষের ক্লান্তিহীন পরিশ্রমের মাধ্যমেই মৌলিক পরিবর্তন সাধিত হইতে পারে।

পরে মেলার ভাই-বোনেরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।